গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
জুডিশিয়াল মুন্সিখানা শাখা

বিষয় : জেলা মাদক দ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটির সভার কার্যবিবরণী ।

সভাপতি	মোঃ আবু জাফর জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট।
সভার তারিখ	০৮ নভেম্বর ২০২০
সভার সময়	সকাল ১১.৩০ ঘটিকা।
স্থান	ভার্চুয়াল সভা
উপস্থিতি	ভার্চুয়াল সভায় উপস্থিতি

সভায় সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটকে দফাভিত্তিক আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।

ক্রমিক নং	আলোচ্যসূচি ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ ১৩ সেপ্টেম্বর, ২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন ও পাঠ করা হয়। এতে কোন সংশোধনী পাওয়া যায়নি।	সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটি
০২	মাদকদ্রব্য বিরোধী অভিযান পরিচালনা সংক্রান্তঃ সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, লালমনিরহাট জানান যে, বিবেচ্য মাসে একক ও যৌথভাবে ৬২টি অভিযান গাঁজা-২২ কেজি ৮৮৮ গ্রাম, ফেন্সিডিল-২৪৪ বোতল, টাপেন্ডাল ট্যাবলেট-১০ টি, ইজিয়াম ট্যাবলেট-১০০০টি, প্রাইভেট কার-০১টি, ইজিবাইক-০১টি আটক করা হয়। আটককৃত মালামালের আনুমানিক মূল্য ১১,৩৪,২৬০/- (এগার লক্ষ চৌত্রিশ হাজার দুইশত ষাট) টাকা মাত্র। নিয়মিত মামলা-১০টি। মোবাইল কোর্টের আওতায় দায়েরকৃত মামলা-১০টি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে চোরাইপথে আসা গাঁজা ও ফেনসিডিলসহ অন্যান্য মাদকদ্রব্য আটক করার জন্য আইন প্রয়োগকারী সংস্থাসমূহকে দক্ষতার সাথে কাজ করতে হবে এবং টাস্কফোর্স অভিযান বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করা হয়।	চোরাইপথে আসা গাঁজা ও ফেনসিডিলসহ অন্যান্য মাদকদ্রব্য আটক করার জন্য আইন প্রয়োগকারী সংস্থাসমূহকে দক্ষতার সাথে কাজ করতে হবে এবং টাস্কফোর্স অভিযান বৃদ্ধি করতে হবে।	১) পুলিশ সুপার, লালমনিরহাট। ২) অধিনায়ক, ১৫ বিজিবি, লালমনিরহাট ৩) সহকারী পরিচালক মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, লালমনিরহাট।
০৩	মাদক দ্রব্য সংক্রান্ত মামলার মাসিক বিবরণীঃ আলোচনায় সহকারী পরিচালক, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, লালমনিরহাট জানান যে, বিবেচ্য মাসে মোবাইল কোর্টের আওতায় ১০ টি মামলা এবং থানায় ১০টি নিয়মিত মামলা দায়ের হয়েছে। সভায় বিজ্ঞ পিপির প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে দায়েরকৃত মোট মামলা ১৪২৩টি। চলতি মাসে ০৫টি মামলা নিষ্পত্তি হয়েছে। অনিষ্পন্ন মামলার সংখ্যা-১৪১৮টি। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে অনিস্পন্ন মামলাগুলি দ্রুত নিষ্পত্তির উপর গুরুত্ব আরোপ করা হয়।	১) বিচারাধীন মামলাগুলোর কোন সাক্ষী সাক্ষ্য প্রদানের জন্য আদালতে এসে যাতে ফেরত চলে না যায় সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে। ২) অনিষ্পন্ন মামলাগুলি দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১) বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, লালমনিরহাট। ২) কোর্ট ইন্সপেক্টর, লালমনিরহাট।

০৪	চোরাচালান ও মাদকমুক্ত করণের লক্ষ্যে জনসচেতনতা বৃদ্ধি ও ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণঃ সভায় লালমনিরহাট জেলাকে চোরাচালান ও মাদকমুক্তকরণের লক্ষ্যে জনসচেতনতা বৃদ্ধি ও ব্যাপক প্রচারের বিষয়ে করণীয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।	১। সন্ধ্যার পর যৌক্তিক কারণ ছাড়া কোন ছাত্র বাসার বাইরে বাজার/ হোটেল /রেঁস্তোরা/ পার্ক/স্কুল/ কলেজের মাঠ বা অন্য কোন স্থানে ঘোরাফেরা বা আড্ডা দিতে পারবে না।	১। পুলিশ সুপার, লালমনিরহাট। ২। মেয়র , লালমনিরহাট/পাটগ্রাম পৌরসভা।
		২। বৈধ কাগজ পত্র ও লাইসেন্স বিহীন কোন মোটর সাইকেল চলাচল করতে পারবে না এবং এ ধরনের লাইসেন্স বিহীন মোটর সাইকেল বা অন্য কোন যানবাহন ব্যবহার করে মাদক ব্যবসায় বা চোরাচালান কর্মকান্ডে যাতে সহযোগিতা করতে না পারে সে ব্যাপারে সংশ্লিষ্ট বিভাগকে সতর্কতা অবলম্বন করতে হবে ।	১। পুলিশ সুপার, লালমনিরহাট। ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)। ৩। সহকারী পরিচালক, বিআরটিএ, লালমনিরহাট। ৪। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, লালমনিরহাট।
		৩। সীমান্তবর্তী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দকে মাদক পাচার প্রতিরোধে কঠোর ভূমিকা পালন করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)। ২। অফিসার ইনচার্জ, (সকল) ৩। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সংশ্লিষ্ট)।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকল সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আবু জাফর
জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট।

স্মারক নম্বর: ০৫.৪৭.৫২০০.০২৪.০৩.০০৭.১৬.৯০৬

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪২৭
২৬ নভেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ
৩) সচিব, সুরক্ষা সেবা বিভাগ
৪) মহাপরিচালক, বিসিএস (কর) একাডেমী, জাতীয় রাজস্ব বোর্ড
৫) ইন্সপেক্টর জেনারেল , পুলিশ হেডকোয়ার্টার্স
৬) মহাপরিচালক (বিজিবি), বর্ডার গার্ড বাংলাদেশ
৭) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
৮) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর
৯) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, লালমনিরহাট

১০) সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, লালমনিরহাট

১১) উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট

১২) প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট

১৩) সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রন কার্যালয়, লালমনিরহাট

১৪) জনাব----------, লালমনিরহাট।

১৫) ইউপি চেয়ারম্যান, ...লালমনিরহাট।

মোঃ আবু জাফর
জেলা ম্যাজিস্ট্রেট